একে রামে রক্ষা নেই, সুগ্রীব দোসর। গত কয়েকদিন ধরে চিতাবাঘের হামলার সঙ্গে আবার হাতির হানা। একদিকে চা বাগানে কাজ বন্ধ চিতাবাঘের আতঙ্কে, অন্যদিকে হাতির ভয়ে প্রাথমিক স্কুলে ছুটি দিয়ে দিতে হচ্ছে শিক্ষকদের। সেই সঙ্গে ফসল নষ্ট হওয়া তো আছেই। বুনোদের নিয়ে পুজোর মুখে স্বস্তি নেই চা বাগান থেকে গ্রামে।

# হাতির হানায় আতঙ্কে ডুয়ার্স

**জলপাইগুড়ি ব্যুরো**


*মোগলকাটা চা বাগানে শাবক সহ একদল হাতি। -সংবাদচিত্র*

**১৯ সেপ্টেম্বর :** 'এক চিতাবাঘে রক্ষা নাই, হাতি দোসর।'

ক'দিন ধরেই চিতাবাঘের হামলায় ত্রস্ত ডুয়ার্স। প্রাণরক্ষা করা যায় কী করে, ভেবে কুলকিনারা পাচ্ছেন না সাধারণ মানুষ। তার মধ্যে নতুন করে হানাদারি ঘটছে হাতির। জঙ্গল লাগোয়া এলাকা তো বটেই, হাতির দল চলে আসছে ডুয়ার্সের চা বাগানগুলিতেও। ফলে এখন বনবস্তির পাশাপাশি চা মহল্লাগুলিতে হাতির আতঙ্ক। এক রাতে একাধিক জায়গায় হাতির হামলার ঘটনা ঘটায় চিন্তিত বনকর্মী থেকে আধিকারিকরা। যেভাবে ক্ষতির বহর বাড়ছে, তাতে ভবিষ্যৎ নিয়ে চিন্তায় সাধারণ মানুষ।

ক্রান্তি, মাল ও চামুর্চি এবং রামশাই, চার চারটি জায়গায় একরাতে হাতির হানাদারি। কোথাও সুপারির গাছের ক্ষতি, কোথাও আবার ধানের খেতের জমি নষ্ট। যার জেরে চরম সমস্যায় পড়েছেন এখানকার কৃষিজীবী পরিবারগুলির পাশাপাশি সাধারণ মানুষ। মোগলকাটা চা বাগানের একটি পরিত্যক্ত জায়গায় দিনভর হাতির পাল দাঁড়িয়ে থাকায় ঝুঁকি নিতে নারাজ প্রাথমিক স্কুল কর্তৃপক্ষ ছুটি দিয়ে দেয়। যেভাবে একের পর এক জায়গায় জঙ্গল ছেড়ে হাতি লোকালয়ে চলে আসছে, তাতে আতঙ্কও বাড়ছে।

বৃহস্পতিবার রাতে রামশাই এলাকায় জমির ফসল নষ্ট করেছে হাতির পাল। একইভাবে ভুটান সীমান্ত চামুর্চি চেকপোস্ট এলাকায় এক কবরস্থানে ঢুকে সেখানকার গাছপালা ও সুপারি গাছের ক্ষতি করে চলে যায় হাতির একটি দল। বাদ যায়নি মাল ব্লকের পশ্চিম ডামডিম এলাকাও। এখানেও বৃহস্পতিবার গভীর রাতে প্রায় ৩০ থেকে ৩৫টি বুনো হাতি তারঘেরা রেঞ্জের আপালচাঁদ জঙ্গল থেকে বেরিয়ে পশ্চিম ডামডিমের লোকালয়ে ঢুকে পড়ে। এখানে প্রায় ২০ বিঘা ধানখেতের ক্ষতি করে। ক্ষতির মুখে পড়েন ৮ জন কৃষক। পাশাপাশি, শুক্রবার সকালে তোতাপাড়া জঙ্গল থেকে আটটি হাতির একটি দল বেড়িয়ে লোকালয়ে চলে আসে। দাঁড়িয়ে থাকে পরিত্যক্ত একটি জায়গায়।

**দুশ্চিন্তা**

- চিতাবাঘের পর এবার হাতির হানা ডুয়ার্সের ক্রান্তি, মাল, চামুর্চি সহ একাধিক জায়গায়
- হাতির হামলায় কোথাও ধানখেতে ক্ষতি, কোথাও সুপারি বাগান নষ্ট, ক্ষতির মুখে সাধারণ মানুষ
- হাতির হানাদারি রুখতে কোনও ব্যবস্থা নিচ্ছে না বন দপ্তর, অভিযোগ বিভিন্ন এলাকায়
- একই সময়ে একাধিক জায়গায় হাতি বের হওয়ায় সমস্যা, বলছেন বনকর্তারা

প্রতিটি এলাকার বাসিন্দাদের বক্তব্য, গত কয়েকদিন ধরেই প্রায় প্রতিরাতেই গ্রামে হাতির হামলা হচ্ছে। কিন্তু হাতির হানাদারি রুখতে কোনও ব্যবস্থা নিচ্ছে না বন দপ্তর। যার ফলে তাঁদের চরম ক্ষতির মুখে পড়তে হচ্ছে। যদিও রামশাইয়ের রেঞ্জ অফিসার সর্বাশিষ বর ও মালের বন্যপ্রাণী স্কোয়ার্ডের তরফে অঙ্কন নন্দীর দাবি, জঙ্গল থেকে বের হয়ে যাতে হাতি লোকালয়ে চলে আসতে না পারে, তার জন্য সারারাত টহলদারি করছেন বনকর্মীরা। তবে একই সময়ে একাধিক জায়গায় হাতি বের হওয়ায় সমস্যা হচ্ছে বলে জানান তাঁরা। ক্ষতিগ্রস্ত গ্রামবাসীরা উপযুক্ত প্রমাণ সহ আবেদন করলে ক্ষতিপূরণ দেওয়া হবে বলে বক্তব্য বন দপ্তরের। বিন্নাগুড়ি বন্যপ্রাণ শাখার রেঞ্জ অফিসার হিমাদ্রি দেবনাথ বলেন, 'খবর পেলেই হাতির দলকে জঙ্গলে ফিরিয়ে দেওয়ার চেষ্টা হয়। এখানকার একটি দলকে জঙ্গলে ফিরিয়ে দেওয়া হয়েছে। রাতে ফের যাতে হাতির দল লোকালয়ে না ঢোকে, সেদিকে নজর রাখা হবে।'

# খাঁচা পাতলেও অধরা চিতাবাঘ

**শুভদীপ শর্মা ও শুভজিৎ দত্ত**

**ক্রান্তি ও নাগরাকাটা, ১৯ সেপ্টেম্বর :** পরপর দু'দিন চিতাবাঘের হামলায় জখম হয়েছেন দুজন। খাঁচা পাতা হলেও চিতাবাঘ ধরা পড়েনি। এর মধ্যেই শুক্রবার ক্রান্তি ব্লকে সুবর্ণপুর চা বাগানে ফের দেখা গেল দুটি শাবক সহ চারটি চিতাবাঘ। ফলে এলাকায় নতুন করে আতঙ্ক দেখা দেয়। বাগানের চার নম্বর সেকশনে যেখানে চিতাবাঘের হামলা হয়েছিল, সেখানে এদিন কোনও কাজ করেননি শ্রমিকরা। পরিস্থিতি আঁচ করে বাগানের বিভিন্ন সেকশনে কর্মী মোতায়েন করে বন দপ্তর। অন্যদিকে, বন দপ্তর চিতাবাঘ উপদ্রুত খেরকাটা গ্রাম ও কলাবাড়ি চা বাগানকে খাঁচার চক্রব্যূহে ঘিরে ফেলেছে।

ক্রান্তি ব্লকের চেল নদী লাগোয়া রাজাডাঙ্গা গ্রাম পঞ্চায়েতের পাইলকাধুরা গ্রামের পাশে বৈকুণ্ঠপুর জঙ্গল। বিগত কয়েক বছরে গ্রামে হাতির হানা হলেও সেভাবে চিতাবাঘের আক্রমণ হয়নি। যদিও মাসখানেক ধরে গ্রামে একের পর এক চিতাবাঘের হামলার ঘটনা ঘটেছে। বুধ ও বৃহস্পতিবার পরপর দু'দিন চিতাবাঘের হামলায় গ্রামের সুবর্ণপুর চা বাগানে দুজন আহত হন। একজনকে প্রাথমিক চিকিৎসার পর ছেড়ে দেওয়া হলেও প্রদীপ রায় নামে এক ব্যক্তি এখনও মালবাজার সুপারস্পেশালিটি হাসপাতালে চিকিৎসাধীন।

সুবর্ণপুর চা বাগানের শ্রমিক অনীতা রায় চিতাবাঘের আতঙ্কে বাগানে কাজ করতে যাননি। তিনি জানালেন, প্রায়ই গ্রাম থেকে একের পর এক ছাগল নিখোঁজ হচ্ছিল। গ্রামবাসী প্রথমে ভাবেন, চুরি হয়েছে। পরে তাঁরা বুঝতে পারেন, এই কীর্তি চিতাবাঘের। স্থানীয় বাসিন্দা শিবেন রায়, আবু কালামরা বাগানে পাতা তোলার কাজ করেন। তাঁরা জানান, বাগানের পাশ দিয়ে ছেলেমেয়েরা স্কুলে যায়। ওই রাস্তাতেও চিতাবাঘ দেখা গিয়েছে। এদিন বাগানের দুই নম্বর সেকশনে দুটি বড় ও দুটি শাবক চিতাবাঘকে দেখা যায়। বন দপ্তরের আপালচাঁদ রেঞ্জের রেঞ্জ অফিসার নবাঙ্কুর ঘোষ বলেন, 'বনকর্মীরা সর্বক্ষণ পাহারা দিচ্ছেন। শ্রমিকদের পটকা দেওয়া হয়েছে।'

> বনকর্মীরা সর্বক্ষণ পাহারা দিচ্ছেন। শ্রমিকদের পটকা দেওয়া হয়েছে।
>
> **নবাঙ্কুর ঘোষ**
> *রেঞ্জ অফিসার, আপালচাঁদ রেঞ্জ*

নাগরাকাটা খেরকাটায় গত মঙ্গলবার অস্মিত রায় নামে বছর বারোর এক নাবালককে বাড়ির উঠোন থেকে তুলে নিয়ে গিয়েছিল একটি চিতাবাঘ। এলাকাজুড়ে ছয়টি খাঁচা পাতা হয়েছে। গ্রামের শেষ প্রান্তে পাতা হয়েছে আরও একটি খাঁচা। বৃহস্পতিবার সন্ধ্যাতেও খেরকাটায় এক ব্যক্তি চিতাবাঘ দেখতে পান। বন দপ্তরের ডায়না রেঞ্জের রেঞ্জ অফিসার অশেষ পাল বলেন, 'আমরা সতর্ক রয়েছি। সচেতন করা হচ্ছে। রোজ নিয়ম করে বনকর্মীরা খাঁচা পাতছেন। স্থানীয়দের দায়িত্ব দেওয়া হয়নি। নিখুঁতভাবে খাঁচা পাতা না হলে চিতাবাঘ ধরা পড়বে না। টোপ হিসেবে ছাগল দেওয়া হচ্ছে।'


*প্রতিমায় রংয়ের ছোঁয়া। শুক্রবার জলপাইগুড়ির কুমোরটুলিতে।*

## স্মারকলিপি

**জলপাইগুড়ি, ১৯ সেপ্টেম্বর :** শুক্রবার নিখিলবঙ্গ প্রাথমিক শিক্ষক সমিতির তরফ থেকে জেলা প্রাথমিক বিদ্যালয় সংসদের চেয়ারম্যানের (ডিপিএসসি) কাছে একটি স্মারকলিপি প্রদান করা হয়। এদিন ডিপিএসসি কার্যালয়ে স্লোগানের মাধ্যমে সমিতির সদস্যরা বেশ কিছু দাবি তুলে ধরেন।

সমিতির জলপাইগুড়ি জেলা সম্পাদক বিপ্লব ঝা বলেন, '২০২৫-এর ১ সেপ্টেম্বর সুপ্রিম কোর্টের রায় অনুযায়ী ১ সেপ্টেম্বর ২০৩০-এর পর যে সমস্ত শিক্ষক ও শিক্ষিকারা কর্মরত থাকবেন এবং যাঁদের প্রোমোশন হয়েছে তাঁদের টেট-এ উত্তীর্ণ হওয়ার যে রায় দেওয়া হয়েছে সেই রায় সংশোধনের জন্য ডিপিএসসির চেয়ারম্যানকে রিভিউ পিটিশন করতে হবে। পশ্চিমবঙ্গ প্রাথমিক শিক্ষা পর্ষদকেও রিভিউ পিটিশন করতে হবে।'

## শহিদ স্মরণ

**নাগরাকাটা, ১৯ সেপ্টেম্বর :** নাগরাকাটার শহিদ মহাদেব মিঞ্জকে সিআরপিএফ স্মরণ করল। ২০১২ সালে এই দিনেই মাওবাদী হামলায় মহাদেব শহিদ হন। শুক্রবার বাহিনীর উত্তরবঙ্গের প্রধান কার্যালয় শিলিগুড়ি গ্রুপের আধিকারিক ও জওয়ানরা নাগরাকাটায় তাঁর স্মৃতিতে নির্মিত মূর্তিতে শ্রদ্ধার্ঘ্য নিবেদন করেন। সিআরপিএফের শিলিগুড়ি গ্রুপের অ্যাসিস্ট্যান্ট কমান্ডান্ট ধর্মেন্দ্র কুমার বলেন, 'শহিদ মহাদেবের আত্মত্যাগ চিরস্মরণীয় হয়ে থাকবে। তাঁর পরিবারের পাশে সবসময় রয়েছি।'

## খুলল তালা

**বেলাকোবা, ১৯ সেপ্টেম্বর :** বকেয়া বাড়িভাড়া নিয়ে বৃহস্পতিবার বৈঠকে মীমাংসা না হওয়ায় প্রধান শিক্ষিকা পৌষালী চক্রবর্তীর ঘরে তালা মেরে দেন বাড়ির মালিক মলয় মোদক। শুক্রবার সেই তালা খুলে দিলেন বাড়ির মালিক। ঘটনাটি বেলাকোবা বটতলা সংলগ্ন একটি ইংরেজিমাধ্যম বেসরকারি প্রাথমিক স্কুলের।

## ধৃত ১

**ওদলাবাড়ি, ১৯ সেপ্টেম্বর :** ওদলাবাড়ি হিন্দি স্কুল সংলগ্ন এলাকায় শুক্রবার সিডেটিভ ট্যাবলেট সহ এক ব্যক্তিকে পুলিশের হাতে তুলে দিল এলাকার বাসিন্দারা। মাল থানার আইসি সৌম্যজিৎ মল্লিক বলেন, 'ধৃতের বিরুদ্ধে নির্দিষ্ট অভিযোগে মামলা দায়ের করা হবে।'

## বাছুর বিতরণ

**মালবাজার, ১৯ সেপ্টেম্বর :** মাল পঞ্চায়েত সমিতির তরফে শুক্রবার বাছুর বিতরণ করা হয়। দরিদ্র মানুষ যাতে স্বনির্ভর হতে পারেন তাই ব্লক প্রশাসনের তরফে এই উদ্যোগ নেওয়া হয়েছে। মাল ব্লকের ৬টি পঞ্চায়েতের ৬ জনকে বাছুর দেওয়া হয়েছে। আগামীতে অন্যদের দেওয়া হবে।

# রাজবাড়িতে মহালয়ায় কালীপুজো

**অনীক চৌধুরী**

**জলপাইগুড়ি, ১৯ সেপ্টেম্বর :** রাজা এবং রাজ্যপাট না থাকলেও রাজবাড়ির নিয়ম এখনও একই আছে। ৫০০ বছর ধরে একই নিয়মে বৈকুণ্ঠপুর রাজবাড়িতে দুর্গাপুজোর সূচনা হয়। এই রাজবাড়ির পুজোর এবার ৫১৬তম বর্ষ। পাঁচ শতাব্দীর নিয়ম মেনে মহালয়ার দিন কালীপুজোর মধ্যে দিয়ে বৈকুণ্ঠপুর রাজবাড়ির পুজো শুরু হয়।

প্রতিবছর মহালয়ায় রাজবাড়িতে কালীপুজো হয়। এবারও রাজবাড়ির কালী মন্দিরে রবিবার সন্ধ্যায় পুজো হবে। কালীপুজোর পর প্রতিপদে দুর্গাপুজোর ঘট বসবে। সূচনা হবে দশদিনব্যাপী দুর্গাপুজোর। রাজবাড়ির পুরোহিত শিবু ঘোষাল বলেন, 'এবছর মহালয়ার কালীপুজো ৫১৬ বছরে পদার্পণ করবে। দেবী ত্রিনয়নীর কাছে রাজপরিবারের বর্ষীয়ান সদস্য প্রণত বসু, তাঁর পুত্র সৌম্য বসু এবং পুত্রবধূ লিন্ডা বসু সকলের মঙ্গলের জন্য প্রার্থনা জানাবেন। কালীপুজোর মধ্যে দিয়ে রাজবাড়ির এবছরের দুর্গাপুজোর সূচনা হবে।'

মহালয়ার এই পুজোয় রাজবাড়িতে এলাকার মানুষের ভিড় উপচে পড়ে। পুজো চলে গভীর রাত পর্যন্ত। রাজপরিবারের গৃহবধূ লিন্ডা বসু বলেন, 'পুজোর প্রস্তুতি চলছে জোরকদমে। এবারও প্রচুর মানুষ পুজো দেখতে আসবেন। রাজপরিবারের নিয়ম মেনেই পুজোর আয়োজন চলছে।' দেবী কালীকে নিবেদন করে মন্দির চত্বরে পাঁঠাবলি হয়। রাজপুরোহিত বলেন, 'কালিকাপুরাণ মতে এখানে পুজো হয়ে থাকে। তাই বলির প্রথা রয়েছে। অমাবস্যা তিথি ছেড়ে যাওয়ার আগে রবিবার সন্ধ্যায় কালীপুজো শুরু হয়ে যাবে এবার।' দেবী কালীকে নিবেদন করে মন্দির চত্বরে পাঁঠাবলি হয়। আমিষ পদ থাকে ভোগে। আবশ্যিকভাবে ভোগের থালাতে করলা নদীর বোয়াল মাছ, ঘি-ভাত থাকবেই। গভীর রাত পর্যন্ত পুজো হওয়ার পর রাজপরিবারের সদস্যরা মণ্ডপে উপস্থিত সকলকে প্রসাদ বিতরণ করেন। রাজবাড়ির দুর্গামূর্তি সোনার। সারা বছর সোনার সেই দুর্গামূর্তির নিত্যপুজো হয়। প্রতিপদে পুজো হয় কালী মন্দিরে। মহালয়ার দিন কালীপুজোর আগে তিথি মেনে দুর্গা প্রতিমার চক্ষুদান হয়। পুজোর ক'দিন দুর্গা দালানে মা দুর্গার মাটির প্রতিমার সঙ্গে সোনার প্রতিমারও পুজো করা হয়।


*রাজবাড়ির এই কালী মূর্তিতেই হবে মহালয়ায় পুজো। -সংবাদচিত্র*

# অমিল কেরোসিন

**বেলাকোবা, ১৯ সেপ্টেম্বর :** ২ বছর ধরে র‍্যাশন দোকান থেকে দেওয়া হচ্ছে না কেরোসিন তেল। এমনকি, দুয়ারে র‍্যাশনেও মিলছে না জ্বালানি। খোলা বাজারে চড়া দামে বিক্রি হচ্ছে তেল। বাধ্য হয়ে সেই কেরোসিন তেল কিনেই দিন গুজরান করতে বাধ্য হচ্ছেন উপভোক্তারা।

সংবাদ মাধ্যমের থেকে খবর পেয়ে সাব-ডিস্ট্রিক্ট কন্ট্রোলার সাফাই দিয়ে বলেন, 'এই ঘটনা তো হওয়ার কথা নয়। বিষয়টির খোঁজ নিয়ে দেখছি।' অধিকাংশ দোকানে কেরোসিন তেল মিলছে না বলে অভিযোগ। শুধু চাল, আটা দেওয়া হচ্ছে।

উপভোক্তা নির্মল চক্রবর্তী জানান, তাঁর প্রতিমাসে কেরোসিন তেলের দরকার হয়। কিন্তু, প্রায় ২ বছর তেল পাওয়া যাচ্ছে না। তাই বাজার থেকে ১০০ টাকা প্রতি লিটার দামে কেরোসিন কিনতে হচ্ছে। বেলাকোবার এক র‍্যাশন দোকানের মালিক সত্যব্রত দাস বলেন, 'কেরোসিন তেলের বিক্রি নেই। গ্যাস, ইলেক্ট্রিক উনুনের ব্যবহার বৃদ্ধি পাওয়ায় তেলের বিক্রি কমেছে। ফলে লোকসান হয়।'


শক্তিরূপেণ।। *শিলিগুড়িতে ছবিটি তুলেছেন বিবেক ঘোষ।*

পাঠকের লেন্সে
8597258697
picforubs@gmail.com

**টুকরো খবর**

## অফিস ফেরত পেল সিটু

**জলপাইগুড়ি, ১৯ সেপ্টেম্বর :** ২০১৬ সাল থেকে রানিনগর শিল্পাঞ্চলে সিটুর অফিস দখল করে নিয়েছিল আইএনটিটিইউসি। শুক্রবার সিপিএমের নেতা নিরঞ্জন রায়ের কাছে ক্ষমা চেয়ে নিয়ে আইএনটিটিইউসির সদর-২ ব্লক কমিটির সভাপতি রাজু সাহানি সেই দখল করা অফিস সিটুকে ফিরিয়ে দিলেন। ফুলের স্তবক দিয়ে সিপিএম নেতাকে সংবর্ধনা দিয়ে করজোড়ে ক্ষমাও চেয়ে নেন রাজু সাহানি। তিনি জানান, তৃণমূলের তৎকালীন শ্রমিক ইউনিয়নের কয়েকজনের হঠকারিতার জন্য সিটুর অফিস দখল করা হয়েছিল। সেই অফিস ফিরিয়ে দিতে পেতে তাঁরা কৃতজ্ঞ।

## কৃষি দপ্তরে তৃণমূল

**জলপাইগুড়ি, ১৯ সেপ্টেম্বর :** কৃষকবন্ধু ও কিষান ক্রেডিট কার্ড সুবিধার আওতায় আরও বেশি করে কৃষকদের নিয়ে আসার দাবিতে শুক্রবার তৃণমূল কংগ্রেসের রাজ্য সম্পাদক দীপেন প্রামাণিক ও কিষান খেতমজদুর সংগঠনের জেলা সভাপতি দুলাল দেবনাথ সহ ৪ জনের একটি প্রতিনিধিদল জেলার উপ কৃষি অধিকর্তা গোপাল সাহার সঙ্গে দেখা করে।

কৃষকদের প্রকৃত কীটনাশক দেওয়া ও সরকারি মূল্যে ধান কেনায় বেশি করে রেজিস্ট্রেশন করার দাবিও জানানো হয়। দক্ষিণ বেরুবাড়ির অ্যাডভার্স জমির বাসিন্দারা এখনও খতিয়ান পাননি। ফলে তাঁরা রাজ্য সরকারের শস্যবিমা ও কৃষকবন্ধু প্রকল্পের সুবিধা থেকে বঞ্চিত হচ্ছেন বলে দুলাল অভিযোগ করেন।

## ট্র্যাকে হাতি

**নাগরাকাটা, ১৯ সেপ্টেম্বর :** ডুয়ার্স রুটে গত ১২ ঘণ্টায় পরপর দু'বার রেললাইনে উঠে পড়া হাতির দল রক্ষা পেল ট্রেনচালকের তৎপরতায়। প্রথম ঘটনাটি ঘটেছে বৃহস্পতিবার সন্ধ্যায় কালচিনি ও রাজাভাতখাওয়া স্টেশনের মাঝে বক্সার জঙ্গলে। সেখানে ১৫৬/১-২ নম্বর পিলারের কাছে লোকমান্য তিলক-কামাখ্যা এক্সপ্রেসের দুই চালক প্রকাশ কুমার ও সিকে মিশ্র হঠাৎই একটি হাতিকে রেললাইন পার হতে দেখেন। তৎক্ষনাৎ জরুরিকালীন ব্রেক কষে ট্রেনটিকে নিরাপদ দূরত্বে থামিয়ে দেন। হাতিটি লাইন টপকে জঙ্গলের একপাশ থেকে অন্যপাশে যাওয়ার পরেই ট্রেন গন্তব্যের উদ্দেশে রওনা দেয়। অপর ঘটনাটি ঘটেছে শুক্রবার সকাল সাড়ে ৬টা নাগাদ চালসা ও নাগরাকাটা স্টেশনের মাঝে চাপড়ামারির জঙ্গলে। শিলিগুড়ি-ধুবড়ি ডিইএমইউ এক্সপ্রেসের দুই চালক বিনয় প্রসাদ ও তনুজকুমার বর্মন একটি শাবক সহ দুটি হাতিকে ৭০/৩-৪ নম্বর পিলারের কাছে ঘোরাফেরা করতে দেখেন। সঙ্গে সঙ্গে তাঁরা গতি কমিয়ে ট্রেন থামিয়ে দেন।

## টোটো আটক

**ময়নাগুড়ি, ১৯ সেপ্টেম্বর :** ট্রাফিক আইন ভাঙার অভিযোগে শুক্রবার ২৫টি টোটোকে আটক করল ময়নাগুড়ি থানার ট্রাফিক পুলিশ। বাজারে ঢোকার মূল রাস্তার মুখে সারি সারি টোটো রাস্তা আটকে দাঁড়িয়ে থাকে। এটি নিয়ে ব্যবসায়ীরা ময়নাগুড়ি ট্রাফিক পুলিশের কাছে অভিযোগ জানিয়েছিলেন। ট্রাফিক পুলিশের তরফে নো-এন্ট্রি বোর্ড লাগানো সত্ত্বেও এদিন ওখানেই সারিবদ্ধভাবে টোটোগুলি দাঁড়িয়ে ছিল। তখন অভিযান করে পুলিশ।

## প্রতিমা বিসর্জন

**চালসা, ১৯ সেপ্টেম্বর :** মাটিয়ালি ব্লকের বাতাবাড়ি চৌরঙ্গিহাটের পুরোনো দুর্গা প্রতিমা শুক্রবার বিসর্জন দেওয়া হল। এদিন সিঁদুরখেলার পর বাজনা সহযোগে, বাতাবাড়ি দিঘিরপাড় হয়ে কিষান মান্ডি পর্যন্ত শোভাযাত্রা করে বিধাননগর গ্রাম পঞ্চায়েতের কূর্তি নদীতে প্রতিমা বিসর্জন দেওয়া হয়। চৌরঙ্গিহাট দুর্গাপুজো কমিটির কর্মকর্তা বিমলচন্দ্র রায় বলেন, 'পুজোর পর আমরা দুর্গা প্রতিমা রেখে দিই। এবছর পুজোর আগে ফের পুরোনো প্রতিমা বিসর্জন দেওয়া হল।'

## রক্তদান শিবির

**ময়নাগুড়ি, ১৯ সেপ্টেম্বর :** বিজেপির সেবা পক্ষকাল উপলক্ষ্যে শুক্রবার ময়নাগুড়ি রোডে রক্তদান শিবির ও বসে আঁকো প্রতিযোগিতা অনুষ্ঠিত হল। উত্তরবঙ্গ মেডিকেল কলেজের সহযোগিতায় অনুষ্ঠিত হওয়া রক্তদান শিবিরে মোট ৫৭ জন রক্তদান করেন। বসে আঁকো প্রতিযোগিতায় অংশ নিয়েছিলেন ৭৭ জন। উপস্থিত ছিলেন বিজেপির জেলা সভাপতি শ্যামল রায়, জেলা সম্পাদক মলক কাঠাম সহ অন্যরা।

# জল চেয়ে রাস্তায় নামল তিন গ্রাম

**জলপাইগুড়ি, ১৯ সেপ্টেম্বর :** দীর্ঘ দুই বছরেরও বেশি সময় ধরে পানীয় জলের অভাবে চরম দুর্ভোগে দিন কাটাচ্ছেন জলপাইগুড়ি সদর ব্লকের বোয়ালমারি-নন্দনপুর গ্রাম পঞ্চায়েতের তিনটি গ্রামের বাসিন্দারা। এবার সমস্যার স্থায়ী সমাধানের দাবিতে শুক্রবার রাস্তা অবরোধে করলেন ক্ষুব্ধ এলাকাবাসী। এদিন অবরোধের জেরে প্রধানপাড়া-জলপাইগুড়ি গুরুত্বপূর্ণ সড়ক বন্ধ হয়ে যায়। সকাল সাড়ে ন'টা থেকে টানা দুই ঘণ্টা অবরোধ চলে। ফলে ব্যাপক যানজট তৈরি হয়। স্তব্ধ হয়ে যায় যান চলাচল। খবর পেয়ে ঘটনাস্থলে কোতোয়ালি থানার পুলিশ ছুটে যায়। অবরোধকারীদের সঙ্গে কথা বলতে গিয়ে পুলিশও বিক্ষোভের মুখে পড়ে।

অবরোধকারীদের অভিযোগ, দুই বছর ধরে পানীয় জলের সমস্যায় ওই গ্রাম পঞ্চায়েতের তাঁতিপাড়া, বোদাপাড়া, ঠকপাড়া ও বানিয়াপাড়া গ্রামের সাধারণ মানুষ অতিষ্ঠ হয়ে পড়েছেন। একমাত্র অবলম্বন নলকূপের জল। অস্বাস্থ্যকর আয়রন জল পান করতে মানুষ বাধ্য হচ্ছেন। পরে এলাকার বিডিও মিহির কর্মকারের পক্ষ থেকে দ্রুত পরিষেবা চালুর আশ্বাস দেওয়া হলে গ্রামবাসীরা অবরোধ তুলে নেন। পঞ্চায়েত প্রধান সুফল সরকার জানিয়েছেন, এলাকার সাব-পাম্প মেশিনের সমস্যা হয়েছে।

# জলমগ্ন জাতীয় সড়ক

**ধূপগুড়ি, ১৯ সেপ্টেম্বর :** রোদের দেখা মিললেও একটানা বৃষ্টিতে জলমগ্ন ধূপগুড়ি থেকে ফালাকাটাগামী জাতীয় সড়ক ৩১-এর শালবাড়ি এলাকা। যার জেরে দিনভর দুর্ভোগ পোহাতে হয়েছে পথচারীদের। জমা জলের মধ্যেই ঝুঁকিপূর্ণভাবে চলে যানবাহনে যাতায়াত।

স্থানীয় বাসিন্দা শ্যামল সরকার বলেন, 'সবজি নিয়ে ফালাকাটা যেতে গিয়ে দেখি জল জমে আছে। টোটোবোঝাই সবজি নিয়ে জল পার হতে সমস্যা হয়েছিল।' শুক্রবার সেচ দপ্তরের আধিকারিকরা বারোঘরিয়া সহ অন্যান্য এলাকা পরিদর্শন করেন। ধূপগুড়ির মহকুমা শাসক পুষ্পা দোলমা লেপচা বলেন, 'নদীর জলস্ফীতি ও সমতল এলাকায় জল বেড়ে যাওয়া নিয়ে নজরদারি জারি আছে। গাদং ২ নম্বর গ্রাম পঞ্চায়েত ও বারোহালিয়া, শালবাড়ির মতো বন্যাপ্রবণ এলাকা ও ডুডুয়া নদীর জলস্তর বাড়া নিয়ে সতর্ক।'

# ১০১ ঢাক বাজিয়ে বিদায়

**শুভদীপ শর্মা**

**লাটাগুড়ি, ১৯ সেপ্টেম্বর :** লাটাগুড়ির ক্রান্তি মোড়ের সুকান্ত সংঘের দুর্গাপুজো এবছর পা দিল ৫৪তম বর্ষে। পাঁচ দশকের বেশি সময় ধরে হওয়া এই পুজো স্থানীয় মানুষের কাছে মিলনমেলা, সম্প্রীতির উৎসব। প্রতিবছরের মতো এ বছরও দর্শনার্থীদের চমক দিতে চাইছেন কর্মকর্তারা।

এবারের মণ্ডপ তৈরি হচ্ছে বৃন্দাবনের চন্দ্রোদয় মন্দিরের আদলে। মণ্ডপশিল্পী মিঠু ইসলামের হাতের ছোঁয়ায় গড়ে উঠছে মন্দিরটির প্রতিরূপ। ৬৫ ফুট উঁচু এবং ৫০ ফুট চওড়া এই মণ্ডপটি আলোকসজ্জা এবং কারুকার্যে ভরে উঠবে। শুধু উচ্চতা নয়, নকশার নিখুঁত কারুকাজও দর্শনার্থীদের চোখ টানবে বলে আশাবাদী কর্মকর্তারা।

মৃৎশিল্পী তপন রায় তাঁর শিল্পকলার মুনশিয়ানায় গড়ে তুলছেন দেবী দুর্গার অপরূপ প্রতিমা। প্রতিমার সাজসজ্জা থেকে শুরু করে অলংকরণ, সবেতেই ধরা পড়ছে ঐতিহ্য এবং আধুনিকতার মেলবন্ধন। ষষ্ঠীতে এলাকার মহিলারা ঐতিহ্য মেনে দেবীকে বরণ করে আনবেন। অন্যদিকে, নবমীতে গোটা গ্রাম একসঙ্গে বসে প্রসাদ গ্রহণ করবেন। ধনী থেকে গরিব, জাতিধর্মবর্ণনির্বিশেষে সকলে এই পুজোয় অংশগ্রহণ করেন।


*তৈরি হচ্ছে সুকান্ত সংঘের মণ্ডপ।*

পুজো কমিটির সম্পাদক দেবপ্রসাদ রায় বললেন, 'শুধু লাটাগুড়ি নয়, আশপাশের ঝাড় মাটিয়ালি গ্রামের মানুষও এই পুজোর অংশ। তাই এটাকে শুধু একটি পাড়ার পুজো বললে ভুল হবে। বরং এটি গোটা এলাকার মিলনক্ষেত্র।'

পুজো চলেই এল। তাই প্রস্তুতিও চলছে জোরকদমে। কমিটির সদস্য শুভজ্যোতি রায় বললেন, 'বিসর্জনের দিন একশো একটি ঢাক বাজিয়ে শোভাযাত্রা বের করা হবে। এভাবেই দেবীকে বিদায় জানানো হবে।'

কমিটির অন্য সদস্য অরিন্দম রায়, নীলকমল রায়রা জানালেন, পঞ্চাশ বছরেরও বেশি সময় ধরে এই দুর্গোৎসব বারবার প্রমাণ করেছে, সমাজকে একসূত্রে বেঁধে রাখার শক্তি রাখে উৎসব। পাঁচ দশকের সেই ঐতিহ্যকে এবছরও অক্ষুণ্ণ রাখার চেষ্টা চালাচ্ছেন এলাকার সকলে।

**এল এল পুজো এল**

# সাবেকিয়ানাই আকর্ষণ

**গোপাল মণ্ডল**

**বানারহাট, ১৯ সেপ্টেম্বর :** আর মাত্র হাতেগোনা কয়েকদিনের অপেক্ষা। তারপর শুরু হবে বাঙালির শ্রেষ্ঠ উৎসব। বর্তমানে দুর্গাপুজো মানেই চারদিকে থিমের ছড়াছড়ি। এই থিমের চাকচিক্যে সাবেকি পুজো কোথাও যেন হারিয়ে যেতে বসেছে। কিন্তু বানারহাট আদর্শপল্লির শীতলাবাড়ির পুজোয় আজও নিয়মনিষ্ঠার সঙ্গে সাবেকিয়ানা বজায় রেখে পুজো হয়। আশপাশের অন্য কোনও ক্লাবের সঙ্গে এই পুজোর কোনও প্রতিযোগিতা নেই। এবছর এই পুজো ৪৭ বছরে পা ফেলতে চলেছে।

আদর্শপল্লিতে শীতলা মন্দির প্রাঙ্গণে মণ্ডপ তৈরি করে পুজোর আয়োজন করা হয়। এবছর এই পুজোর বাজেট প্রায় ৫ লক্ষ টাকা। একচালা কাঠামোয় ডাকের সাজের প্রতিমায় পুজো হয়। নিয়মনিষ্ঠার জন্য অষ্টমীতে এখানে অঞ্জলি দিতে এলাকাবাসী ভিড় করেন। আবার দশমীতেও সিঁদুরখেলায় মেতে ওঠেন স্থানীয় মহিলারা।


*আদর্শপল্লির শীতলা মন্দির প্রাঙ্গণে চলছে পুজোর প্রস্তুতি। -সংবাদচিত্র*

শীতলা মন্দির কমিটির পুজো এলাকার মানুষের মিলনমেলা, ভালোবাসা ও সহমর্মিতার উদাহরণ।

একসময় বানারহাটে মাত্র একটি সর্বজনীন পুজো হত। তাই বানারহাটের আদর্শপল্লির কয়েকজন বাসিন্দা মিলে ১৯৭৯ সালে ছোট করে একটি পুজো শুরু করেছিল। তারপর থেকে প্রত্যেক বছর এই পুজোর আয়োজন করা হচ্ছে। সেই সময় থেকে পুজোর নিয়ম এক থাকলেও আয়োজনে এসেছে অনেক পরিবর্তন। এখন পুজোয় বেশ আড়ম্বর করা হয়। পুজো শুরু হয় ষষ্ঠী থেকে। তবে সপ্তমীর দিন মাকে অন্নভোগ দেওয়া হয় না। অষ্টমীর দিন থেকে পুজোয় অন্নভোগ দেওয়া হয় বলে জানান উদ্যোক্তারা।

পুজো কমিটির পক্ষে বিকাশ দাস জানান, পুজোর এক মাস আগে নতুন কমিটি গঠন করা হয়। সেখানে এলাকার পুরুষদের পাশাপাশি মহিলাদেরও সমান দায়িত্ব দেওয়া হয়। সকলের মিলিত চেষ্টায় এই পুজোর আয়োজন করা হয়।

# মানসিক সুস্থতা রক্ষার কর্মসূচি

**জলপাইগুড়ি, ১৯ সেপ্টেম্বর :** কলেজের গণ্ডিতে প্রথম পা রেখেছেন পড়ুয়ারা। এঁদের মধ্যে বেশিরভাগ পড়ুয়াই এসেছেন বাড়ি ও পরিবার ছেড়ে। তাই যাতে তাঁরা মানসিকভাবে সুস্থ থাকেন সেই কথা মাথায় রেখে শুক্রবার জলপাইগুড়ি গভর্নমেন্ট ইঞ্জিনিয়ারিং কলেজের তরফে একটি 'ফিজিওলজিকাল স্ট্রেস ম্যানেজমেন্ট' প্রোগ্রামের আয়োজন করা হয়।

কলেজের অডিটোরিয়ামে প্রথম বর্ষের প্রায় ২০০ পড়ুয়াকে নিয়ে এই বিষয়ে আলোচনা করেন জলপাইগুড়ি মেডিকেল কলেজ ও হাসপাতালের সাইকিয়াট্রিস্ট ডাঃ স্বস্তিশোভন চৌধুরী। তিনি বলেন, 'কখনও কোনওরকম কথা চেপে রেখে কষ্ট পাবে না। নতুন বন্ধুদের সঙ্গে কথা বলো, একে অপরের সঙ্গে কথা শেয়ার করো। এছাড়া, তোমরা সবাই কলেজের ম্যাগাজিন, ড্রামা, লিটারেচার ক্লাবের সঙ্গে যুক্ত হও। পাশাপাশি, বাচ্চাদের পড়ালে মন ভালো থাকবে। এরপরও কোনওরকম সমস্যা হলে জলপাইগুড়ি মেডিকেল কলেজ ও হাসপাতালে এসে নির্দ্বিধায় কথা বলতে পারো।'

অন্যদিকে, জলপাইগুড়ি গভর্নমেন্ট ইঞ্জিনিয়ারিং কলেজের মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিং বিভাগের বিভাগীয় প্রধান তথা কলেজের স্টুডেন্টস হেলথ হোমের দায়িত্বে থাকা ডাঃ সৌপায়ন মিত্র বলেন, 'আমাদের কলেজের পড়ুয়াদের জন্য একজন করে অধ্যাপক মেন্টর হিসেবে থাকেন। পড়ুয়াদের সমস্যা শুনে সমাধানের চেষ্টা করা হয়। সেই সমস্ত কথাও এদিন জানানো হয়েছে। আমরা চাই মানসিকভাবে সুস্থ থেকে পড়াশোনা করুক পড়ুয়ারা।'



আশায় আশায়।। মৌলানির বৈদ্যডাঙ্গি নদীতে। শুক্রবার শুভদীপ শর্মার ক্যামেরায়।

# ভাঙনে বিলীন হওয়ার পথে মন্দির, জমি

**রামপ্রসাদ মোদক**

**রাজগঞ্জ, ১৯ সেপ্টেম্বর :** গত কয়েকদিনের টানা বর্ষণে ফুলেফুঁপে উঠেছে উত্তরের নদীগুলো। ফলে বর্ষা বিদায়ের আগে নতুন করে বেশ কিছু স্থানে নদীভাঙন শুরু হয়েছে। সাহু নদীর ভাঙনে বিলীন হওয়ার মুখে রাজগঞ্জের বিন্নাগুড়ি গ্রাম পঞ্চায়েতের প্রায় ৫০ বছরের আকারিগছের লোকনাথ মন্দির। প্রতিবার বর্ষা এলেই সাহু নদী পূর্বপাড়ের জমি গ্রাস করতে থাকে। ইতিমধ্যে কয়েক বিঘা জমি নদীগ্রাসে বিলীন হয়ে গিয়েছে। এবার নদী এগিয়ে আসছে মন্দিরের দিকে। পরিস্থিতি এমন জায়গায় দাঁড়িয়েছে যে, আগামী বর্ষাতে মন্দিরের একেবারে কাছে চলে আসতে পারে নদী। মন্দির তলিয়েও যেতে পারে বলে আশঙ্কা প্রকাশ করছেন সকলে। তবে শুধু মন্দির নয়, আগামী বর্ষার আগে ভাঙন রোধে ব্যবস্থা না নিলে এলাকার কয়েক বিঘা জমিও বিলীন হয়ে যাবে, বলছেন স্থানীয়রা।

স্থানীয় বাসিন্দা স্বপন সমাজদারের কথায়, 'আমরা এলাকায় নদীবাঁধ দেওয়ার দাবি অনেক আগেই জানিয়েছি এলাকার পঞ্চায়েত সদস্যের কাছে। কিন্তু দুই-তিন বছর হয়ে গেল এখনও কোনও উদ্যোগ চোখে পড়ছে না।' প্রায় ৫০ বছরের পুরোনো ওই লোকনাথ মন্দিরে সারা বছর বহু মানুষ পুজো দিতে আসেন। তবে সাহু নদী প্রতি বছর মন্দিরের দিকে এগিয়ে আসছে। আর কিছুটা এগিয়ে এলেই মন্দিরের অস্তিত্ব থাকবে না, বলছেন আকারিগছ বাবা লোকনাথ মন্দির কমিটির সম্পাদক ভবতোষ দত্ত। বিষয়টি গ্রাম পঞ্চায়েত প্রধানের নজরে আনবেন বলে জানিয়েছেন তিনি।

নদীভাঙনের বিষয়টি পুরোনো বোর্ডের প্রধানকে লিখিতভাবে জানানো হয়েছিল। বর্তমান প্রধানকে মৌখিকভাবে জানানো হয়েছে বলে জানিয়েছেন স্থানীয় পঞ্চায়েত সদস্য অর্জুন মণ্ডল। বিন্নাগুড়ি গ্রাম পঞ্চায়েত প্রধান শমিজউদ্দিন আহমেদ বলেন, 'আমাকে বিষয়টি লিখিতভাবে কেউ জানায়নি। আমি গ্রাম পঞ্চায়েতের সদস্যদের নিয়ে ওই এলাকা পরিদর্শন করে প্রয়োজনীয় পদক্ষেপ করব।'

# অভয়া ক্লিনিক

**জলপাইগুড়ি, ১৯ সেপ্টেম্বর :** 'অভয়া মঞ্চ'র তরফে অভয়া ক্লিনিকের মাধ্যমে পরিষেবা প্রদান করা হল। শুক্রবার জলপাইগুড়ি শহর সংলগ্ন মোহিতনগর উত্তরপাড়ায় একটি স্বেচ্ছাসেবী সংস্থার বৃদ্ধাশ্রমে আয়োজিত স্বাস্থ্য শিবিরে ১২৫ জন পরিষেবা পেয়েছেন। অভয়া ক্লিনিকে ছিলেন বিশেষজ্ঞ চিকিৎসক এবং অভয়া মঞ্চের সদস্যরা। শিবিরে আগতদের বিনামূল্যে ওষুধ এবং পথ্য প্রদান করা হয়। রবিবার শিরীষতলায় ওয়েলফেয়ারের ব্যবস্থাপনায় আয়োজন করা হবে 'অভয়া পাঠশালা'।

# ৪ ছাত্রীর শ্লীলতাহানি, গ্রেপ্তার শিক্ষক

**সমীর দাস**

**কালচিনি, ১৯ সেপ্টেম্বর :** স্কুলের চার ছাত্রী একযোগে ভারপ্রাপ্ত শিক্ষকের বিরুদ্ধে শ্লীলতাহানির অভিযোগ তুলল। ঘটনাটি ঘটেছে কালচিনি ব্লকের দক্ষিণ সাতালি এলাকার একটি সরকারি স্কুলে। সপ্তম, অষ্টম ও নবম শ্রেণির ওই পড়ুয়ারা বৃহস্পতিবার সন্ধ্যায় নিজেরাই ১০০ নম্বরে অভিযোগ জানায়। তারপর পুলিশ তড়িঘড়ি পদক্ষেপ করে। বৃহস্পতিবার রাতে ওই ছাত্রীরা লিখিত অভিযোগ দায়ের করার পর কালচিনি থানার পুলিশ অভিযুক্ত শিক্ষককে গ্রেপ্তারও করেছে। এদিকে, সেই স্কুলেরই পড়ুয়াদের একটা বড় অংশ আবার অভিযুক্ত শিক্ষকের পাশে দাঁড়িয়েছে। আলিপুরদুয়ারের পুলিশ সুপার ওয়াই রঘুবংশী বলেন, 'অভিযোগের ভিত্তিতে ওই শিক্ষককে গ্রেপ্তার করা হয়েছে।'

অন্যদিকে, অভিযুক্ত শিক্ষকের মুক্তির দাবিতে শুক্রবার সেই স্কুলের শতাধিক ছাত্রী ক্লাস বয়কট করে। তাদের দাবি, ওই শিক্ষকের বিরুদ্ধে মিথ্যা অভিযোগ আনা হয়েছে। এদিন দীর্ঘ সময় ছাত্রীদের স্কুলের বারান্দায় শিক্ষককে মুক্তির দাবি লেখা প্ল্যাকার্ড হাতে বসে থাকতে দেখা গিয়েছে। স্কুলের অন্য শিক্ষক-শিক্ষিকারা তাদের ক্লাসে যেতে বললেও তারা শোনেনি।

সহপাঠীদের সঙ্গে কথা বলে জানা গিয়েছে, ওই চার ছাত্রীর গুটখা খাওয়ার অভ্যাস রয়েছে। সেজন্য ভারপ্রাপ্ত শিক্ষক নাকি কয়েকদিন আগে তাদের শাসন করেছিলেন। তারপরই এই অভিযোগ আনা হয়েছে। ছাত্রীরা পুলিশকে জানিয়েছে, অভিযুক্ত নিজের চেম্বারে তাদের ডেকে শ্লীলতাহানি করেছেন।

তবে সেই অভিযোগ নিয়ে

**প্রতিবাদে ক্লাস বয়কট**

কিন্তু ধোঁয়াশা দেখা দিয়েছে। যে চার ছাত্রী অভিযোগ জানিয়েছে, তাদের অভিভাবকরা কিন্তু এসব আগে থেকে জানতেনই না। শুক্রবার জেলা চাইল্ড ওয়েলফেয়ার কমিটি (সিডব্লিউসি) থেকে ফোন পেয়ে তাঁরা হতভম্ব হয়ে যান। সিডব্লিউসি'র চেয়ারপার্সন অসীম বসু জানিয়েছেন, আপাতত ওই ছাত্রীদের কাউন্সেলিং করা হচ্ছে। আইনি প্রক্রিয়ার মাধ্যমে তাদের অভিভাবকদের হাতে তুলে দেওয়া হবে। জেলা স্কুল পরিদর্শক রবিনা তামাং বলেছেন, 'আমার কাছে এমন কোনও অভিযোগ আসেনি।' ফোন ধরেননি জেলা শাসক আর বিমলা। ফোন ধরেননি রাজ্যের আদিবাসী উন্নয়ন দপ্তর ও অনগ্রসর শ্রেণিকল্যাণ দপ্তরের মন্ত্রী বুলু চিকবড়াইকও।

তপশিলি উন্নয়ন দপ্তরের অধীনে থাকা কালচিনি ব্লকের সেই স্কুলের পড়ুয়া সংখ্যা ৩১৫। তার মধ্যে ছাত্রীর সংখ্যা ১৩৫। স্কুলের প্রত্যেক পড়ুয়া স্কুল চত্বরে থাকা হস্টেলে থেকে পড়াশোনা করে। যে পড়ুয়ারা শিক্ষকের বিরুদ্ধে অভিযোগ এনেছে, তাদের মধ্যে দুজন আলিপুরদুয়ার জেলার বাসিন্দা। একজন জলপাইগুড়ি ও একজন কোচবিহার জেলার বাসিন্দা। অভিযুক্ত শিক্ষক প্রায় আড়াই বছর ধরে স্কুলের দায়িত্বে রয়েছেন। তাঁর বিরুদ্ধে ওঠা সেই অভিযোগে বিস্মিত স্কুলের সহকারী শিক্ষক, শিক্ষিকা ও স্থানীয় বাসিন্দারাও। সেই স্কুলের ছাত্রী হস্টেলের ওয়ার্ডেন জানিয়েছেন, সম্পূর্ণ চত্বর সিসিটিভি ক্যামেরায় মোড়া রয়েছে। আবাসন চত্বরে এমন ঘটনা ঘটেনি, দাবি তাঁর।







।। শ্রী মহাবীরায় নমঃ ।।

জন্মঃ ১৯.০১.১৯৩৪



মৃত্যুঃ ১৯.০৯.২০২৫

গভীর দুঃখের সাথে জানানো হচ্ছে যে আমাদের পরম শ্রদ্ধেয়

**শ্রী শ্রীচন্দজী জৈন**

(সুপুত্র ঃ ˚গণেশমলজী জৈন)

শুক্রবার, ১৯.০৯.২০২৫ তারিখে পরলোকগমন করেছেন।

তাঁর শেষকৃত্য, রবিবার, ২১.০৯.২০২৫ তারিখে সকাল ৯.০০ ঘটিকায়
শ্রী মুনিসুব্রতনাথ দিগম্বর জৈন মন্দির, ৫, এস. পি. মুখার্জ্জী রোড (জদুবাবুর বাজারের নিকট), কলকাতা-২০ তে অনুষ্ঠিত হবে।

বৃহত্তর শোকসভা রবিবার, ২৮.০৯.২০২৫ তারিখে দুপুর ২.০০টা থেকে বিকাল ৫.০০টা পর্যন্ত ইস্কন হাউস হল, বী-১, ২২, গুরুসদয় দত্ত রোড, কলকাতা-১৯-এ অনুষ্ঠিত হবে।

**শোক সন্তপ্ত ঃ**

বিমলা দেবী (স্ত্রী) রতনমণি সেঠী, ময়না দেবী ছাবড়া (বোন) গণপতরায় - গুলাব দেবী (ভাই - বধূ) প্রদীপ - নিলম (পুত্র - পুত্রবধূ) সুমন - ললিত পাটনী (কণ্যা - জামাতা)
কৈলাস চন্দ - প্রেমলতা, দিলীপ - মীনা, রাজেন্দ্র (লাব্বু) - নমিতা (ভাইপো - বধূ) বংশজ - নিবেদিতা (নাতি - বধূ)
পুষ্পা - মহেন্দ্র ছাবড়া, কিরণ - মহেন্দ্র সেঠী (ভাইজি - জামাই)
সুজাতা - রাজীব, বিণীতা - সঞ্জয়, অমৃতা - জতেশ, পুণম - সন্দীপ, নীতি - অমিত, রেশু - দেবেশ, নেহা - উদিত, পূজা - নিখিল, দীপিকা - অভিষেক, শিবাঙ্গী - অমৃত (নাতনি - জামাই)
অরিহন্ত - অঙ্কিতা (নাতি - বধূ), আস্থা - তরঙ্গ (নাতনি - জামাই) এবং সমস্ত জৈন পরিবার

**প্রতিষ্ঠানঃ গণেশমল মোহনলাল • মহাবীর ট্রেডিং কোম্পানী** (কলকাতা, কোচবিহার)

## ছোট্ট তারা



ময়নাগুড়ি মর্নিং স্টার স্কুলের চতুর্থ শ্রেণির ছাত্র কৃতার্থ রায় অধিকারী মেধা অন্বেষণ পরীক্ষায় রাজ্যে পঞ্চদশ স্থান অধিকার করেছে।



বৃষ্টির কারণে প্লাস্টিকে ঢাকা পড়েছে তরুণ দল ক্লাবের মণ্ডপসজ্জার কিছু অংশ।

# বৃষ্টির জলে ধুচ্ছে মণ্ডপের রং, উদ্বেগ

**সৌরভ দেব**

**জলপাইগুড়ি, ১৯ সেপ্টেম্বর :** গত কয়েকদিন ধরে রাত বাড়লেই জলপাইগুড়ির বিভিন্ন এলাকাজুড়ে ব্যাপক বৃষ্টি শুরু হচ্ছে। পরদিন সকাল পর্যন্ত টানা বৃষ্টি থাকছে। আর এতেই এলাকার পুজো উদ্যোক্তাদের কার্যত ঘুম উড়েছে। এছাড়া প্রতিমাশিল্পী এবং ডেকোরেটারদেরও চিন্তা বেড়েছে যথেষ্ট। একদিকে যেমন মণ্ডপসজ্জায় ব্যবহার করা রং ধুয়ে যাচ্ছে। ফলে পুজোর খরচ বাড়ছে। অন্যদিকে ঠিক সময়ে মণ্ডপসজ্জার কাজ শেষ হবে কি না তা নিয়ে আশঙ্কা রয়েছে। পুজোর আর হাতেগোনা মাত্র কয়েকদিন বাকি। শুক্রবার জলপাইগুড়ি শহর ঘুরে দেখা গেল, বেশিরভাগ বিগ বাজেটের পুজোমণ্ডপের বাঁশের কাঠামো এখনও কাপড়ে ঢাকেনি। বেশ কিছু জায়গায় মণ্ডপ ও আশপাশের জায়গা জলকাদায় ভরে রয়েছে। দিনের রোদ উঠলে পরিস্থিতি স্বাভাবিক করে কাজ শুরু হলেও রাতের বৃষ্টি মণ্ডপ তৈরির কাজ পিছিয়ে দিচ্ছে।

এদিকে, প্রাকৃতিক দুর্যোগের পূর্বাভাস সম্পর্কে সিকিমের আবহাওয়া দপ্তরের কেন্দ্রীয় অধিকর্তা গোপীনাথ রাহা বলেন, 'আগামী শনিবার উত্তরের জলপাইগুড়ি সহ পাঁচটি জেলাতে বিক্ষিপ্তভাবে ভারী বৃষ্টির সতর্কতা রয়েছে। শনিবার থেকে আগামী বৃহস্পতিবার পর্যন্ত উত্তরবঙ্গের অনেক জায়গাতেই হালকা থেকে মাঝারি বৃষ্টিপাতের সম্ভাবনা রয়েছে। শনিবারের পর থেকে বৃষ্টিপাতের তীব্রতা কমবে।'

মণ্ডপসজ্জায় প্লাইবোর্ডের ওপর রংয়ের কাজ যেখানে হচ্ছে, সেক্ষেত্রে সমস্যা সবচেয়ে বেশি হচ্ছে। বৃষ্টির জলে প্লাই একদিকে যেমন ফুলে উঠছে, তেমনই রংয়ের উজ্জ্বলতা হারিয়ে যাচ্ছে। অন্যদিকে যাঁরা মাঠজুড়ে মণ্ডপ তৈরি করছেন তাঁদের ক্ষেত্রে জলকাদা একটি বড় সমস্যা। দর্শনার্থীদের মণ্ডপে ঢোকা ও বেরোনোর পথে কাঠের পাঠাতন ভাড়া করতে বাড়তি খরচ করতে উদ্যোক্তারা বাধ্য হচ্ছেন। এছাড়া একসঙ্গে এত পরিমাণ কাঠের পাটাতন জোগাড় করতেও হিমসিম অবস্থা। পাতকাটা কলোনি কালচারাল ক্লাব ও পাঠাগার পুজো কমিটির সম্পাদক প্রসেনজিৎ কর্মকার বলেন, 'বৃষ্টির জন্য সমস্যায় পড়ে গিয়েছি। প্রতিদিন দিনেরবেলায় মণ্ডপ রং হচ্ছে আর রাতে রং নষ্ট হচ্ছে। আমাদের মণ্ডপে দর্শনার্থীদের ঢুকতে হলে মাঠ পেরিয়ে যেতে হবে। এদিকে, মাঠ জলকাদায় ভরা। ফলে এখন গোটা মাঠ কাঠের পাটাতন দিয়ে ঢাকতে হচ্ছে।'

শহরতলির অপর একটি বিগ বাজেটের পুজোমণ্ডপ তৈরির দায়িত্ব নিয়েছেন কোচবিহারের ডেকোরেটার লক্ষ্মণ বর্মন। তিনি বলেন, 'বৃষ্টির জন্য কাজ পিছিয়ে যাচ্ছে। খরচও বাড়ছে। কোনও কাজ একবারে ফিনিশিং দেওয়া যাচ্ছে না। বৃষ্টির জলে মণ্ডপের উজ্জ্বলতা থাকছে না। ফলে সময়ে কাজ শেষ করা নিয়ে অনিশ্চয়তা দেখা দিচ্ছে।' আবার একটি পুজোর আলোকসজ্জার দায়িত্বে রয়েছে সন্টু সরকার। তিনি বলেন, 'ভিড় রাস্তায় দিনেরবেলা কোনও লাইট লাগানো যায় না। আমরা মূলত রাতেই কাজ করি। কিন্তু প্রতি রাতে যেভাবে বৃষ্টি হচ্ছে তাতে এখনও সেভাবে কিছুই করতে পারেনি। উদ্যোক্তারা বলেছিলেন মহালয়ার দিন থেকে এক-দুটো আলোর তোরণ তৈরি করতে। এখনও সেই কাজ হবে কি না বলতে পারছি না।'

# বিবেকের আলো ছড়াবে শিল্পসমিতিপাড়া



শিল্পসমিতিপাড়া সর্বজনীন দুর্গাপুজো কমিটির মণ্ডপ তৈরি চলছে।

**অনীক চৌধুরী**

**জলপাইগুড়ি, ১৯ সেপ্টেম্বর :** পুজোর বাজারে ভারী নামগুলোর তলায় কোথাও যেন চাপা পড়ে যায় ছোট পুজোগুলো। কিন্তু তাই বলে বহর কিংবা আয়োজনে কোনও অংশে কম যায় না সেগুলো। শিল্পসমিতিপাড়ার পুজো যেমন। শহরের বিগ বাজেটের প্রথম দশে নেই এই পুজো কমিটি। তবে প্রবীণ থেকে নবীনদের হাতে পুজোর দায়িত্ব আসার পর থেকে গত তিন বছর ধরে একটু একটু করে বড় হচ্ছে ওরা।

শিল্পসমিতিপাড়া সর্বজনীন দুর্গাপুজো কমিটির এবারের থিম 'মায়ের মন্দিরে বিবেকের আলো'। ৯৩তম বর্ষে তাদের মণ্ডপ তৈরি হচ্ছে রামকৃষ্ণ মিশনের বেলুড় মঠের আদলে। এবছরের থিম দর্শনার্থীদের মনে ধরবে বলে আত্মবিশ্বাসী শিল্পসমিতিপাড়া সর্বজনীন দুর্গাপুজো কমিটি। তাদের এবারের বাজেট ৫ লক্ষ টাকা। উদ্যোক্তাদের আপ্রাণ চেষ্টা মণ্ডপের অন্দরের কাজ এবং বাইরের আকার যেন একদম নিপুণ হয়। সেই দিকে নজর সম্পাদক ত্রয়ী মনতোষপ্রসাদ শা, সৌরজিৎ ঘোষ, অশ্বিনীকুমার সাহাদের। বাঁশ, কাপড়, কাঠ এবং থার্মোকলের কাজ ফুটিয়ে তুলবে অবিকল বেলুড় মঠকে। শিল্পীদের অক্লান্ত পরিশ্রমে গড়ে উঠছে এই মণ্ডপ।

পুজো কমিটির অন্যতম সম্পাদক মনতোষপ্রসাদ শা বললেন, 'আমাদের এবছরের প্রতিমাশিল্পী কুমোরটুলির সৌরভ পাল। পুজোর বাজেট ৫ লক্ষ টাকা। মণ্ডপসজ্জায় রয়েছেন জলপাইগুড়ির শরৎচন্দ্র দেবনাথ। বেলুড় মঠের আদলে মণ্ডপের পাশাপাশি আলোকসজ্জাও আকর্ষণের বিষয় হয়ে উঠবে। সব মিলিয়ে পুজোর কয়েকটা দিন আনন্দে ভরে উঠবে।' এই পুজো দর্শনার্থীদের জন্য খুলে দেওয়া হবে চতুর্থী থেকেই। পুজোর উদ্বোধন

থিম আছে থিম নেই

করবেন জলপাইগুড়ি রামকৃষ্ণ মিশন আশ্রমের সম্পাদক স্বামী শিবপ্রেমানন্দ মহারাজ। পুজো কমিটির যুগ্ম সম্পাদক অশ্বিনীকুমার সাহার কথায়, 'আমাদের পুজো বিবেক চেতনার বার্তা মানুষের কাছে পৌঁছে দেবে। এখানে ষষ্ঠীর দিন অঙ্কন প্রতিযোগিতা রয়েছে। নবমীর দিন বড় ভোগের ব্যবস্থা থাকছে সকলের জন্য। গতবছর আমাদের থিম ছিল বাংলার অন্যতম পীঠস্থান তারাপীঠ মন্দির। এবার বেলুড় মঠের আদলে মণ্ডপ বানিয়ে আমরা বাংলার সংস্কৃতি এবং স্বামীজির জীবনাদর্শকে তুলে ধরছি শহরবাসীর কাছে।'

## নর্দমা পরিষ্কার

**ময়নাগুড়ি, ১৯ সেপ্টেম্বর :** ডাকঘর মোড় থেকে দুর্গাবাড়ি মোড় পর্যন্ত প্রায় ১০০ মিটার নর্দমা আবর্জনার স্তূপে ভরাট হয়ে গিয়েছে। পুরসভায় সিদ্ধান্ত হওয়ার পর আর্থমুভার দিয়ে পরিষ্কার করার কাজ শুরু হয়েছে শুক্রবার থেকে।

## করলায় তরুণ

**জলপাইগুড়ি, ১৯ সেপ্টেম্বর :** জামাকাপড় ধুতে নেমে করলা নদীতে তলিয়ে গেলেন এক তরুণ। শুক্রবার ঘটনাটি ঘটে রায়কতপাড়ায়। ওই তরুণের নাম কৃষ্ণা রজক (৩৫)।

## ভিড় নিয়ন্ত্রণে

**ময়নাগুড়ি, ১৯ সেপ্টেম্বর :** পুজোর সময় যান চলাচল নিয়ন্ত্রণ করতে কড়া পদক্ষেপ করবে পুলিশ। শুক্রবার বিভিন্ন পুজোমণ্ডপগুলি ঘুরে দেখে ময়নাগুড়ির পুলিশ বেশকিছু সিদ্ধান্ত নিয়েছে। ।

## পরিদর্শন

**জলপাইগুড়ি, ১৯ সেপ্টেম্বর :** শুক্রবার জলপাইগুড়ি শহরের বিভিন্ন দুর্গাপুজোর মণ্ডপে গিয়ে সেখানকার নিরাপত্তা ব্যবস্থা খতিয়ে দেখেন জলপাইগুড়ি জেলা পুলিশের আধিকারিকরা।

## বোধনের বাকি ৮ দিন, ফ্যাশনের খোঁজে জেন জেড

# ট্রেন্ডি ঢিলেঢালা পোশাক



**অনীক চৌধুরী**

**জলপাইগুড়ি, ১৯ সেপ্টেম্বর :** পুজোর ফ্যাশন শব্দটা শুনলেই প্রথমেই মাথায় আসে মেয়েদের কথা। কিন্তু ছেলেরাও পিছিয়ে নেই। ট্র্যাডিশনাল হোক কিংবা ওয়েস্টার্ন, সবেতেই নিজেদের ফ্যাশনেবল করে তুলতে ব্যস্ত জলপাইগুড়ি শহরের পুরুষরা। এবছর পুরুষদের পোশাকের ট্রেন্ডে রয়েছে জামদানি পাঞ্জাবি থেকে ফ্লোরাল প্রিন্টেড শার্ট।

ক্রপ ট্রাউজার এখন মহিলাদের পাশাপাশি পুরুষরাও বেশ ফ্যাশনেবল মনে করছেন। গোড়ালি পর্যন্ত এই ধরনের প্যান্ট অনেক পুরুষের উইশ লিস্টে রয়েছে। এছাড়া ব্যাগি জিনস কিংবা কার্গো জিনসও ফ্যাশনে রয়েছে। এর সঙ্গে কম্বো করে জেন জেড'রা রংবেরংয়ের ওভারসাইজ টি-শার্ট এবং গেঞ্জি কাপড়ের ফ্লোরাল প্রিন্টের শার্ট কিনছে। অনেকে আবার হুডি শার্টের খোঁজ করছেন।

কামারপাড়ার ছেলেদের পোশাক বিক্রেতা সুমিত সাহা জানান, এবছরের ফ্যাশনে ছেলেদের নতুন এডিশন ঢিলেঢালা পোশাক। ওভারসাইজের পোশাক কেনার ঝোঁক বয়স্কদেরও দেখা যাচ্ছে।

### পছন্দের তালিকায়

- ক্রপ ট্রাউজার
- ব্যাগি জিন্সের সঙ্গে কোরিয়ান স্টাইল টি-শার্ট
- ব্যাগি জিনস বা কার্গো জিনস, স্লিম ফিট ওয়াসড জিন্স
- ওভার সাইজ টি-শার্ট, গেঞ্জি কাপড়ের ফ্লোরাল প্রিন্টের শার্ট, হুডি শার্ট
- জামদানি-খাদির পাঞ্জাবি থেকে ফ্লোরাল প্রিন্টেড শার্ট, কুর্তা, কলমকারি শার্ট, হুপার

তবে গেঞ্জি কাপড়ের শার্ট এবং ফ্লোরাল প্রিন্টের শার্টও খোঁজ করছেন ক্রেতারা বলে জানালেন ব্যবসায়ী অঙ্কুর আগরওয়াল। তাঁর কথায়, 'অনেকে ব্যাগি জিনসের সঙ্গে কোরিয়ান স্টাইল টি-শার্ট খোঁজ করছেন। এছাড়া গরমের কথা মাথায় রেখে নরমাল টিজ এবং কুইক ড্রাই টি-শার্টের চাহিদা রয়েছে।' শার্টিন ট্রাউজার, প্যাটার্ন্ড সিল্ক শুট, সঙ্গে জ্যাকেটও পুরুষদের পছন্দের তালিকায় রয়েছে।



অন্যদিকে, বিশেষ করে ট্র্যাডিশনাল ড্রেসের ক্ষেত্রে নজর কাড়ছে জামদানি পাঞ্জাবি এবং খাদির পাঞ্জাবি। কুর্তার চাহিদাও যে কম নয় সেটা ক্রেতা অভীক দত্তর সঙ্গে কথা বলে বোঝা গেল। তাঁর কথায়, 'সবদিন ওয়েস্টার্ন পরা যায় নাকি। অষ্টমীর দু'বেলা পাঞ্জাবি আর নবমী এবং দশমীর সকালে লাইট কালারের কুর্তা মাস্ট। এগুলো এখনকার ফ্যাশন। কিন্তু জিনস হতে হবে ডেনিম কালারের।'

যদিও পুজোর বাজার করতে আসা শৌভিক বিশ্বাসের যুক্তি, 'সারা বছর ওয়েস্টার্ন পোশাক পরেই থাকি। পুজোতেও অন্যান্য দিনে ওয়েস্টার্ন পরব। কিন্তু অষ্টমীতে ধুতি-পাঞ্জাবি পরতেই হবে, না হলে যেন পুজোটাই সম্পূর্ণ হয় না। তাই এবছর জামদানি পাঞ্জাবি কিনলাম।' এক রংয়ের কুর্তা-পাজামার বিক্রিও বেশ ভালো বলেই জানালেন ব্যবসায়ী সঞ্জয় সাহা। লংয়ের সঙ্গে কাটিং কুর্তাও বিকোচ্ছে ভালো। নিজের পছন্দের ও শরীরের গঠন অনুযায়ী পুরুষরা বেছে নিচ্ছেন বিভিন্ন রকমের স্টাইলিশ কুর্তা।

পুজো শপিং ও প্যান্ডেল হপিং

কিছু ক্ষেত্রে তিস্তাপাড়ের শহরের বুটিক হাউসগুলো বলছে, কলমকারি শার্ট, হুপার বা ব্যাগি ট্রাউজারের দিকে ঝোঁক রয়েছে অল্পবয়সি ছেলেদের। শার্টের ক্ষেত্রে এবছর সকলের নজর স্ট্রাইপড ফুলহাতা শার্টের দিকে। সঙ্গে স্লিম ফিট ওয়াসড জিনস। এক শপিং মলের কর্মীর কথায়, 'শার্ট চুজ করাটা ছেলেদের জন্য খুব জরুরি। কারণ সবাইকে সব স্টাইলে ভালো লাগে না। তবে এবছর স্ট্রাইপড শার্টের বিক্রি বেশি হয়েছে। এই শার্ট আপনার সম্পূর্ণ লুকটাই চেঞ্জ করে দিতে পারে।' এছাড়া প্রিন্টেড টি-শার্টের চাহিদা এবছর বেশি বলে জানান তিনি।

পোশাকের রং বাছাইয়ের ক্ষেত্রেও কারও থেকে কম যান না পুরুষরা। এবছর কালোর সঙ্গে যেসব রং পুরুষদের পছন্দ তার মধ্যে রয়েছে, স্টোন, বেজ, বার্গান্ডি, ক্রিম, অলিভ গ্রিন প্রভৃতি। কিছু ক্ষেত্রে হালকা বেসিক রংয়ের সঙ্গে উজ্জ্বল প্যাটার্নও খোঁজ করছেন অনেকে। এছাড়া পোশাকের সঙ্গে মানানসই সানগ্লাস, ব্রেসলেট, ওয়ালেট, বেল্ট, ঘড়ি কেনার ঝোঁকও বাড়ছে।



পছন্দের শার্ট বাছাই। কামারপাড়ায় শানু শুভঙ্কর চক্রবর্তীর তোলা ছবি।



কাপল সেটের খোঁজে। ডিবিসি রোডে শানু শুভঙ্কর চক্রবর্তীর তোলা ছবি।

# রঙ্গিলা, ফ্যানডির চাহিদা তুঙ্গে

**অনসূয়া চৌধুরী**

**জলপাইগুড়ি, ১৯ সেপ্টেম্বর :** আবহাওয়া যতই খামখেয়ালিপনা করুক, পুজোর কেনাকাটায় খামতি রাখতে নারাজ শহরবাসী, বিশেষ করে মহিলারা। তাই আবহাওয়া সায় দিলেই বিভিন্ন বাজারে বেশ ভিড় জমছে।

বাজার ঘুরে দেখা গেল পুরোনো সেই সালোয়ার এসেছে। ওল্ড ইজ গোল্ড কনসেপ্টকে মাথায় রেখে প্যাটার্ন একই রয়েছে, তবে নামে পরিবর্তন হয়েছে। এবছর শুধু ট্র্যাডিশনাল বা এথনিকের বাজার ভাবলে ভুল হবে, ওয়েস্টার্ন পোশাকও বাজার কাঁপাচ্ছে। এছাড়া জেন জেডদের খুবই পছন্দ কাপল সেট, বিশেষ করে অষ্টমীর সকালের জন্য। বেশ কিছু ব্যবসায়ীর সঙ্গে কথা বলে জানা গেল, রঙ্গিলা, টিস্যু, অরগ্যাঞ্জা, জিমিচু বা ফ্যান ডি কুর্তি ট্রেন্ড রয়েছে। এগুলো প্রত্যেকটি থ্রি পিস। অর্থাৎ টাইপ অফ সালোয়ার।

### কোনটার কত দাম

- রঙ্গিলা কুর্তি ১০০০ টাকা থেকে শুরু হয়ে প্রায় ৩ হাজার
- কর্ড সেট ৩০০- ৪০০০ টাকা
- শারারা সেট ১৫০০ -৫০০০ টাকা
- আনারকলি কুর্তি ১২০০ - ৬০০০ টাকা
- টিস্যু শাড়ি ২০০০ - ১০,০০০ টাকা
- অরগ্যাঞ্জা শাড়ি ২৫০০ -১০,০০০ টাকা
- ফ্যানডি বা জিমিচু কুর্তি ১০০০-৬০০০ টাকা
- বুটিক ধোতি প্যান্ট কুর্তি সেট ৬০০-১০০০ টাকা
- কাপল সেট ২৫০০-৫০০০ টাকা

অন্যদিকে, শাড়ির মধ্যে সিল্কের পাশাপাশি রয়েছে টিস্যু, অরগ্যাঞ্জা শাড়ি। এছাড়া বুটিকের শাড়ি, ধোতি প্যান্ট, কুর্তিও মন কেড়েছে জেন জি'দের। ব্যবসায়ী শুভম আগরওয়ালের কথায়, 'রঙ্গিলা, ফ্যানডির চাহিদা তুঙ্গে। এরসঙ্গে কর্ড সেটও বেশ জনপ্রিয়। তবে এখনকার মেয়েরা বেশি কাজ করা জিনিস পছন্দ করেন না। পুজো ছাড়াও যাতে যে কোনও অনুষ্ঠানে পরা যায় এমন পোশাক খোঁজেন।'

জেন জেড সুতপা মৈত্র বলেন, 'এবার পুজোতে ওয়েস্টার্ন ওয়ান পিস থেকে ট্র্যাডিশনাল শাড়ি, কুর্তি সবই কিনেছি। কেননা অষ্টমীর দিন ওয়েস্টার্নটা ঠিক মানানসই হয় না। বর্তমানে সোশ্যাল মিডিয়ার দৌলতে ভ্যারাইটি ডিজাইন দেখা যায়। সেইমতো হ্যান্ডলুমের শাড়িও নিয়েছি। আসলে এখন এই ধরনের শাড়ির প্রতি একটা আলাদা ক্রেজ জন্মেছে আমাদের।'

কুর্তির পাশাপাশি বঙ্গ নারীর ফ্যাশনের সঙ্গে জামদানি, হ্যান্ডলুম, তসর শাড়ির একটা নিবিড় সম্পর্ক রয়েছে। তবে যুগের সঙ্গে তাল মিলিয়ে অনেকেই এখন শাড়ির সঙ্গে সামঞ্জস্য রেখে রেডিমেড ব্লাউজও রাখছেন দোকানে। ক্রেতা শিল্পী ঘোষ বলেন, 'কাপল ড্রেস কিনলাম। ইচ্ছে রয়েছে অষ্টমীর দিন দুজনে একই রংয়ের শাড়ি-পাঞ্জাবি পরে মায়ের পায়ে অঞ্জলি দেব। তবে, এখন আর ব্লাউজ বানানোর মতো অবস্থা নেই টেলারদের। তাই বুটিকের থেকে ম্যাচিং ব্লাউজও কিনে নিলাম।' এদিকে, যাঁরা কনট্রাস্ট পরতে ভালোবাসেন তাঁদের চাহিদাকে গুরুত্ব দিয়ে শাড়ির সঙ্গে ব্লাউজ রাখছেন বলে জানালেন ব্যবসায়ী তাপসী শিকদার।



# মহালয়ার প্রাক্কালে রেডিও সারাইয়ের ধুম



**অনীক চৌধুরী**

**জলপাইগুড়ি, ১৯ সেপ্টেম্বর :** ইন্টারনেটের যুগ। স্মার্টফোন, ল্যাপটপে বুঁদ হয়ে থাকা নতুন প্রজন্মের কাছে রেডিও নিজের গুরুত্ব হারিয়েছে অনেককাল আগেই। শহরের অধিকাংশ বাড়িতে রেডিও নামক যন্ত্রটাই উধাও। থাকলেও সেটি কী অবস্থায় রয়েছে কেউ খোঁজ নিয়ে দেখেন না। কিন্তু এখনও রেডিওর গুরুত্ব ফিরে আসে মহালয়ার ভোরে বীরেন্দ্রকৃষ্ণ ভদ্রের কণ্ঠে 'আশ্বিনের শারদপ্রাতে, বেজে উঠেছে আলোকমঞ্জীর...' শোনার তাগিদে।

মহালয়ার সঙ্গে দুর্গাপুজোর সরাসরি কোনও যোগ নেই। পিতৃপক্ষ শেষ হয়ে দেবীপক্ষের শুরুর দিনটি হল মহালয়া। এই দিনে পূর্বপুরুষদের উদ্দেশে তর্পণ করেন অনেকে। কিন্তু মহালয়ার সঙ্গে দুর্গাপুজো ওতপ্রোতভাবে যুক্ত হয়ে যায় তখনই, যখন অল ইন্ডিয়া রেডিও 'মহিষাসুরমর্দিনী' নামে একটি সংগীতালেখ্য সম্প্রচার করা শুরু করে। বীরেন্দ্রকৃষ্ণ তাঁর উদাত্ত অথচ সুরেলা কণ্ঠে চণ্ডীপাঠ করে বাঙালির হৃদয়হরণ করেন।

মহালয়া আর রেডিওর রোমান্টিসিজমের গল্প দশকের পর দশক ধরে চলে আসছে। টিভিতে বা ওটিটিতে 'মহিষাসুরমর্দিনী' দেখে বা শুনে যেন মন ভরে না কারও। তাই মহালয়ার প্রাক্কালে রেডিও সারাইয়ের বিভিন্ন দোকানে লাইন পড়েছে জলপাইগুড়ি শহরে। শুধু সারাই নয়, অনেকে নতুন রেডিও কিনছেন। জেলা ও শহরের বেশ কয়েকটি রেডিও সারাইয়ের দোকানে খোঁজ নিয়ে জানা গেল, রেডিও সারানোর ক্ষেত্রে প্রত্যেকে ডেডলাইন দিয়েছেন ২০ সেপ্টেম্বর। কারণ পরের দিন মহালয়া।

এই মুহূর্তে দম ফেলার ফুরসত নেই রেডিও মেকানিকদের। অল্প কয়েকদিনের মধ্যে প্রায় দেড়শোর বেশি রেডিও সারিয়েছেন শহরের চার কারিগর। দিনবাজারের রেডিও কারিগর ভজন দত্ত বললেন, 'আধুনিক রেডিওর পাশাপাশি ৪০-৫০ বছর পুরোনো রেডিওর মডেলও আসছে। সারাবছর বাড়িতে পড়ে থেকে রেডিওগুলো অকেজো হয়ে গিয়েছিল। বিশেষ করে বয়স্করা রেডিও সারাতে আসছেন।'

কিন্তু, বয়স্ক ছাড়া নতুন প্রজন্মের কেউ কি আসছেন রেডিও সারাতে?



রবিবার মহালয়া, তার আগে চলছে রেডিও সারাই। জলপাইগুড়িতে।

উত্তরটা, হ্যাঁ। কদমতলার একটি রেডিও সারাইয়ের দোকানের সামনে দেখা হল কলেজ পড়ুয়া স্নেহাশিস চৌধুরীর সঙ্গে। তিনি জানালেন, দাদু-ঠাকুমার মুখে মহালয়ার সকালের গল্প শুনেছেন। এবছর তিনি বন্ধুদের সঙ্গে 'মহিষাসুরমর্দিনী' শোনার পরিকল্পনা করেছেন। সেই কারণেই সারাতে এসেছেন বাড়ির পুরোনো রেডিও।

মাষকালাইবাড়ির রেডিও সারাইয়ের আরেক কারিগর রঞ্জন দাসের কথায়, 'এখন রেডিও ছাড়া অন্যকিছু সারাইয়ের সময় পাচ্ছি না। মানুষ রেট্রো হতে চাইছে।' তিনি এখনও পর্যন্ত সত্তরের বেশি রেডিও সারাই করেছেন। তাঁর দোকানে রেডিও সারাই করতে এসেছিলেন জয়ন্ত দাস। তিনি বললেন, 'সাউন্ডের বোতামে একটু সমস্যা রয়েছে। কিন্তু ওইদিনের জন্য বিন্দুমাত্র রিস্ক নিতে চাই না।'

রেডিও সারাইয়ে হাফসেঞ্চুরির পর সেঞ্চুরির দোরগোড়ায় বর্ষীয়ান রেডিও কারিগর কদমতলার গৌতম দাস। তিনি বললেন, 'এত মানুষ রেডিওর ওপর ভরসা রাখছেন দেখে ভালো লাগছে। প্রতিবার মহালয়ার আগে কিছু মানুষ রেডিও মেরামতির জন্য দোকানে আসেন। কিন্তু এবার সংখ্যাটা অনেক বেশি।'

